

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সুন্নাত-নফল সালাতগুলো বাড়িতে আদায় করলেই ব্যক্তির জন্য বেশি সাওয়াব হয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمَرْءِ النَّوَافِلَ كُلَّهَا فِي بَيْتِهِ كَانَ أَعْظَمَ لِأَجْرِهِ

## আরবী

2482 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى بِالْمَوْصِلِ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ سَالِمٍ أَبِي النَّضْرِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ عَنْ زَيْدِ فُهَيْبُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ سَالِمٍ أَبِي النَّضْرِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ عَنْ زَيْدِ بُنِ ثَابِتٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اتَّخَذَ حُجْرَةً مِنْ حُصُرٍ فِي رَمَضَانَ فَصَلَّى فِيهَا لَيَالِيَ فَصلَّى بِصَلَاتِهِ أَنَاسٌ مِنْ أَصْحَابِهِ فَلَمَّا عَلِمَ بِهِمْ جَعَلَ يَقْعُد قَالَ: فَصَلَّى فِيهَا لَيَالِي فَصلَّى بِصَلَاتِهِ أَنَاسٌ مِنْ أَصْحَابِهِ فَلَمَّا عَلِمَ بِهِمْ جَعَلَ يَقْعُد قَالَ: فَحَرَجَ إِلَيْهِمْ فَقَالَ: (قَدْ عرفتُ الَّذِي رأيتُ مِنْ صَنِيعِكُمْ فَصَلُوا أَيُّهَا النَّاسُ فِي بُيُوتِكُمْ فَصَلُوا أَيُّهَا النَّاسُ فِي بيته إلا المكتوبة)

الراوي: زَيْد بْن ثَابِت المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2482 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1301): ق.

## বাংলা

২৪৮২. যাইদ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযান মাসে (মাসজিদে) চাটাইয়ের একটি কামরা তৈরি করেন। অতঃপর সেখানে তিনি কয়েক রাত সালাত আদায় করেন। তাঁর সালাতের অনুসরণে কিছু সাহাবীও তাঁর সাথে সালাত আদায় করেন। অতঃপর যখন তিনি সেটা জানতে পারলেন, তখন তিনি বসে থাকতে লাগলেন।

রাবী বলেন, "অতঃপর তিনি বের হন এবং বলেন, "আমি তোমাদের যে কাজ দেখেছি, তা আমি বুঝতে পেরেছি। হে লোকসকল, তোমরা তোমাদের বাড়িতে সালাত আদায় করো। কেননা ফরয সালাত ব্যতিত একজন ব্যক্তির উত্তম সালাত হলো বাড়িতে আদায়কৃত সালাত।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৮২; সহীহ আল বুখারী: ৭৩১; সহীহ মুসলিম: ৭৮১; নাসাঈ: ৩/১৯৭-১৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১২০৪; সুনান বাইহাকী: ৩/১০৯; আবূ দাঊদ: ১৪৪৭; তিরমিযী: ৪৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন